দৈনিক বাংলা

তারিখ 20 APR 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

195

# শিক্ষক ধর্মঘট : ৭ লাখ এসএসসি পরীক্ষার্থী চিন্তিত

স্টাফ রিপোর্টার : মঙ্গলবার দেশের সকল বেসরকারী স্কুল কলেজের শিক্ষক-কর্মচারীদের ধর্মঘটের দ্বিতীয় দিন অতিবাহিত হয়েছে। এদিন স্কুল কলেজে কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি।

ধর্মঘট অব্যাহত থাকায় এসএসসি পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকগণ শংকার মধ্যে দিন কাটাচ্ছে। আগামী ২ মে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় চারটি শিক্ষা বোর্ডে ছ'লাখ ৯৩ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করবেন।

ধর্মঘটী শিক্ষকদের আলোচনায় বসতে সরকার আহবান জানিয়েছেন। কিন্তু মঙ্গলবার কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি বা বাংলাদেশ শিক্ষক সমিতির কোন প্রতিনিধি সরকারের সঙ্গে আলোচনায় বসেননি।

মঙ্গলবার রাতে শিক্ষা সচিবের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সরকার ধর্মঘটী শিক্ষকদের সঙ্গে আলোচনা করতে সব সময় প্রস্তুত রয়েছেন। আমরা আলোচনার আহবান জানিয়েছি। যে কোন সময় আলোচনা হতে পারে। শিক্ষকদের যে

৮-এর পৃঃ ৪-এর কঃদ্রঃ

## শিক্ষক ধর্মঘট : ৭ লাখ এসএসসি পরীক্ষার্থী চিন্তিত

( প্রথম পৃষ্ঠার পর )

সকল সমস্যা ও দাবি রয়েছে তা শুধুমাত্র আলোচনার মাধ্যমে সমাধান হতে পারে।

তিনি এক প্রশ্নের উত্তরে বলেন, নির্ধারিত সময়েই এসএমসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে উদ্বেগের কারণ নেই। আমরা শিক্ষকদের সঙ্গে আলোচনা করছি। তিনি আশা প্রকাশ করেন শিক্ষকগণই এসএসসি পরীক্ষা নেবেন।

কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি সূত্রে বলা হয়েছে তাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে। বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম বলেছেন, তাদের একদফা -সকল বেসরকারী স্কুল শিক্ষক ও কর্মচারীদের পেশা জাতীয়করণ না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে। মঙ্গলবার ছিল তাদের ধর্মঘটের চতুর্থ দিন।

বাংলাদেশ শিক্ষক সমিতি আজ সকাল ১০টায় জাতীয় প্রেসক্লাবের সামনে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করেছে।

শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে গত রাতে জানানো হয় শিক্ষামন্ত্রী ও বাংলাদেশ শিক্ষক সমিতির (আশরাফ-নজরুল) নেতৃবৃন্দের সঙ্গে যে আলোচনা অনুষ্ঠিত হয় তা টেলিভিশন ও অন্যান্য মিডিয়ায় প্রকাশিত তথ্য বিবরণীর সঙ্গে অসংগতি থাকায় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রতিবাদ জানিয়েছেন।

বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের সভাপতি রফিকুল ইসলাম মন্টু ও মহাসচিব এম এস হোসেন হাসান এক বিবৃতিতে কর্মচারীদের আন্দোলন চালিয়ে যাবার আহবান জানিয়েছেন।

বাংলাদেশ শিক্ষক ফোরামের এক সভায় শিক্ষক-কর্মচারীদের দাবি-দাওয়া সম্পর্কে সরকারের অনমনীয় মনোভাব এবং সীমাহীন উদাসীনতায় উদ্বেগ প্রকাশ করাহয়েছে।

বদরউদ্দীন হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ধর্মঘট পরিস্থিতি আলোচনা করা হয়। সভাপতির বক্তৃতায় তিনি দাবি আদায় না হওয়া পর্যন্ত এসএসসি পরীক্ষা বর্জনসহ পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম থেকে ধর্মঘটী শিক্ষক-কর্মচারীদের বিরত থাকার আহবান জানান।

এদিকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট অব্যাহত থাকায় দেশের বিভিন্ন রাজনৈতিক সংগঠন উদ্বেগ প্রকাশ করেছেন। তারা আলাপ-আলোচনার মাধ্যমে ধর্মঘট অবসানের আহবান জানান। এসব সংগঠনের মধ্যে রয়েছে বাম গণতান্ত্রিক ফ্রন্ট, ওয়ার্কার্স পার্টি, জাগপা, গণতান্ত্রিক শ্রমিক লীগ, ছাত্রঐক্য।